পাবনায় বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

পাবনা প্রতিনিধি: ‘সবার জন্য মানসিক স্বাস্থ্য, অধিক বিনিয়োগ অবাধ সুযোগ’ এ প্রতিপাদ্য নিয়ে পাবনায় বিশ্ব মানসিক দিবস পালিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষ্যে শারিরিক দুরত্ব বজায় রেখে শনিবার (১০ অক্টোবর) সকালে বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে পাবনা মানসিক হাসপাতাল ও চাটমোহর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদফতর দিবসটি পালন করেছে।

পাবনা মানসিক হাসপাতাল দিবসটি উপলক্ষ্যে একটি র্যালি ও আলোচনা সভার আয়োজন করে।

পাবনা মানসিক হাসপাতাল সম্মেলন কক্ষে ডা. রতন কুমার রায়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট প্রতিপাদ্যের উপর আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন পাবনা মানসিক হাসপাতালের সাবেক পরিচালক মানসিক বিশেষজ্ঞ প্রফেসর ডা. ড. তম্ময় প্রকাশ বিশ্বাস, বিশেষ অতিথি ছিলেন, পাবনা মেডিক্যাল কলেজের সহকারী অধ্যাপক ডা. সাকফাত ওয়াহিদ, মানসিক হাসপাতালের মাসুদরানা সরকার, সাইয়াট্রিক সোস্যাল ওয়ার্কার মকবুল হোসেন পাশা প্রমূখ।

মানসিক স্বাস্থ্যের উপর আলোকচিত্র উপস্থাপন করেন মানসিক হাসপাতালের ভারপ্রাপ্ত আবাসিক কর্মকর্তা ডা. শফিউল আজম জিকো।

Scientific Seminar on World Mental Health Day-2020
"Mental Health for All"
" Greater investment-GreaterAccess "
Dr. Ratan Kumer Roy
Professor Tanmay Prakash Biswas
Dr. Mohammad Ali
Dr. Shafquat Waheed
Dr. Masud Rana Sarker
Dr. A.K.M Shafiul Azam
Venue- Conference Room, Mental Hospital, Pabna.
Date: 10 th october, 2020,
Organized by
Mental Hospital, Pabna.

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

বক্তারা মানসিক রোগের চিকিৎসার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট রোগের ডাক্তার নিয়োগের উপর গুরুত্ব দেন।